JUL 06 2002

ভোরের কাগজ

তারিখ ..................
পৃষ্ঠা ...... কলাম ......

# আজ ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন

মোশতাক আহমেদ ॥ দীর্ঘ চার বছর পর আজ শনিবার অনুষ্ঠিত হতে যাচ্ছে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন। সম্মেলন রবিবার হওয়ার কথা থাকলেও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার নির্দেশে একদিন আগে করা হচ্ছে। যেহেতু এই সম্মেলনে সংগঠনের পরবর্তী কমিটি গঠন করা হবে, তাই নেতা নির্বাচন নিয়ে চলছে নানা জল্পনাকল্পনা। ৮ জুলাই অনুষ্ঠেয় ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের সম্মেলনকে সামনে নিয়েও চলছে জোর লবিং-গ্রুপিং। বিরোধী দলে থাকা আওয়ামী লীগের নেতারা আন্দোলন-সংগ্রামকে গতিশীল রাখার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ও মহানগরের মতো জায়গায় শক্ত, ত্যাগী ও যোগ্য নেতৃত্ব খুঁজছে। কমিটিও আগের তুলনায় বৃহৎ করা হচ্ছে। ছাত্রলীগের গঠনতন্ত্র অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয় ও মহানগর শাখার কমিটি ৪১ সদস্যবিশিষ্ট হওয়ার কথা। কিন্তু গঠনতন্ত্র সংশোধন করে এবারের কমিটি ৪১ সদস্যের পরিবর্তে ৮১ সদস্যবিশিষ্ট করা হচ্ছে। এর মধ্যে সহসভাপতি ৫ জনের জায়গায় ১২ জন, যুগ্ম সম্পাদক ২ জনের জায়গায় ৩ জন, সাংগঠনিক সম্পাদক ১ জনের পরিবর্তে ৩ জন করা হচ্ছে। এ ছাড়া ধর্ম, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদকের পদ নতুন করা হচ্ছে। সহসম্পাদক ৫ জনের পরিবর্তে ১৫ জন করা হচ্ছে। ১৯৯৮ সালের ১৪ অক্টোবর ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সর্বশেষ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল। এক বছর পর সম্মেলন হওয়ার কথা থাকলেও দীর্ঘ চার বছরেও সম্মেলন হয়নি। এ নিয়ে নেতাকর্মীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। অবশেষে নানা জল্পনাকল্পনার অবসান ঘটিয়ে আজ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সম্মেলন ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউশনে অনুষ্ঠিত হবে। সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে র‍্যালি হবে। সম্মেলনে প্রধান অতিথি থাকবেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। উদ্বোধন করবেন ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপি। তবে এ সময়ের মধ্যে সংগঠনের সভাপতি লিয়াকত শিকদার জেল থেকে ছাড়া পেলে তিনি সম্মেলন উদ্বোধন করবেন।

এদিকে ৮ জুলাই অনুষ্ঠেয় ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের সম্মেলন নিয়েও চলছে নানা জল্পনাকল্পনা। একই দিনে উত্তর ও দক্ষিণ শাখার সম্মেলন ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউশনে অনুষ্ঠিত হবে। এই দু'টি সম্মেলনেও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা প্রধান অতিথি থাকবেন।